



ক্ষমতায় গেলে জামায়াত আ. লীগের চেয়েও বড় ফ্যাসিস্ট হবে: রাশেদ খাঁন



রাশেদ খান। ছবি: সংগৃহীত

জামায়াত ইসলামী ক্ষমতায় গেলে আওয়ামী লীগের চেয়েও বড় ফ্যাসিস্ট হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন।

বুধবার (২৩ সেপ্টেম্বর) বিকেলে বিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ে সরকারি কর্মকর্তা ও সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

রাশেদ খাঁন বলেন, জামায়াত ইসলামী মূলত ‘কাণ্ডজে বাঘ’। বিরোধী দল হিসেবে অবস্থান করলেও তাদের কথাবার্তায় সরকারি দলের মতো সুযোগ-সুবিধা পাওয়ার প্রত্যাশা প্রকাশ পাচ্ছে। তিনি বলেন, জামায়াত এখন বিরোধী দল থেকে নিজেদের সরকারি দল ভাবতে শুরু করেছে।

জামায়াতের পক্ষ থেকে বিভিন্ন অভিযোগ তোলা প্রসঙ্গে তিনি বলেন, যারা নিজেদের দুর্বল মনে করে, তারাই সাধারণত অভিযোগ করে। জামায়াত বিরোধী দলে থাকলেও তারা বিরোধী দলের ভূমিকা পালন করতে চায় না বলেও মন্তব্য করেন তিনি।

সরকারি সুযোগ-সুবিধা প্রসঙ্গে রাশেদ খাঁন বলেন, সরকারি ও বিরোধী দলের সব সংসদ সদস্যের জন্য সরকার সমান বরাদ্দ রেখেছে। জামায়াত সেটা চাইুক বা না চাইুক, তাদের জন্য আলাদা কোনো ব্যবস্থা নেই।

তিনি বলেন, ‘জামায়াত ইসলামের জন্য যদি কলিজা কেটে ভুনা করে দেন, তাও তাদের খুশি করা সম্ভব না।’